দর্শনায় এক রাউন্ড গুলিসহ বিদেশী পিস্তল উদ্ধার

দর্শনায় গুলি সহ বিদেশী পিস্তল উদ্ধার করেছে দর্শনা থানা পুলিশ। গতকাল মঙ্গলবার দুপুরে দর্শনা হটাৎপাড়ার একটি বাগানের মধ্য থেকে গুলি সহ একটি বিদেশী পিস্তল উদ্ধার করা হয়।

পুলিশ জানায়, গতকাল মঙ্গলবার দুপুর সোয়া ১ টার দিকে গোপন সংবাদের ভিত্তিত্বে দর্শনা থানার অফিসার ইনচার্জ এএইচএম লুৎফুল কবীরের নেতৃত্বে, থানার ইন্সপেক্টর অপারেশন নীরব হোসেন সঙ্গীয় অফিসার ফোর্স নিয়ে অভিযান পরিচালনা করেন দর্শনা-চুয়াডাঙ্গা সড়কের হটাৎপাড়া নামক স্থানের একটি কালভার্টের নীচে। এসময় সেখান হতে পরিত্যাক্ত অবস্থায় একটি বিদেশী পিস্তল ও এক রাউন্ড তাজা গুলি উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় পুলিশ বাদি হয়ে দর্শনা থানায় জিডি মৃলে পরিত্যাক্ত পিস্তল ও গুলিটি থানা হেফাজতে থাকবে।

দর্শনা থানার ভারপ্রাপ্ত অফিসার ইনচার্জ (ওসি) এ,এইচ,এম লুৎফুল কবীর জানান, গতকাল মঙ্গলবার দুপুর সোয়া ১টার দিকে গোপন সংবাদের ভিত্তিত্বে থানার পুলিশ পরিদর্শক (অপারেশন) নিরব হোসেন সহ থানার অফিসার ও ফোর্স অভিযান পরিচালনা করেন দর্শনা আনোয়ারপুর হঠ্যাৎপাড়ার নিকটবর্তী

দর্শনা-চুয়াডাঙ্গা প্রধান সড়কের কালভার্টের নীচে। এসময় জৈনকআব্দুল সাত্তারের ছেলে আবুল হোসেনের (৪৫) ভুট্টা ক্ষেতের পূর্বপাশে কালভার্টের নিচে জংলাময় স্থানে মালিক বিহীন পরিত্যাক্ত অবস্থায় ১টি লটো শপিং ব্যাগের মধ্যে হতে ১টি লোহার তৈরি আগ্নেয়াস্ত্র পিস্তল ও এক রাউন্ড গুলি উদ্ধার করা হয়। উদ্ধার হওয়া পিস্তলটির বডিতে ইংরেজিতে খোদাই করা লেখা মেইড ইন জাপান এবং অপর পাশে ইংরেজিতে খোদাই করা জাপান নং ১১৪ লেখা সহ ১ রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে।